দৈনিক
ইত্তেফাক

তারিখ: 24 JAN 2016
৭ ... কলাম ... ৬

# শতাধিক দরিদ্র শিক্ষার্থীর পাশে মেধাবী ভেড়ামারা

■ ভেড়ামারা (কুষ্টিয়া) সংবাদদাতা

মেধা বিকাশে সহায়তাকারী সংগঠন মেধাবী ভেড়ামারা শনিবার কুষ্টিয়ার ভেড়ামারা কলেজ মিলনায়তনে একশত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর মাঝে খাতা কলম ও স্কুল ব্যাগ উদ্দীপনা পুরস্কার দিয়েছে। মেধাবী ভেড়ামারার সভাপতি ও ভেড়ামারা কলেজের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক আলহাজ আব্দুল গফুরের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও বর্ষীয়ান রাজনীতিবিদ আলহাজ শফিউল ইসলাম কুব্বাত, বিশেষ অতিথি হিসাবে ছিলেন ভেড়ামারা কলেজের উপাধ্যক্ষ আজিজুল হক, মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুর রাজ্জাক রাজা, মেধাবী ভেড়ামারার সাধারণ সম্পাদক প্রভাষক আব্দুস সামাদ, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ও শিক্ষাবিদ শ্রী ভগবান চন্দ্র সিংহ রায়, আলিম মাদ্রাসার সুপার এস্কেন্দার আলী, সমাজসেবক আলহাজ তারিকুজ্জামান তারিক, মেধাবী ভেড়ামারার সহ-সভাপতি ও ভেড়ামারা প্রেস ক্লাবের সভাপতি প্রভাষক জাহাঙ্গীর হোসেন জুয়েল, সাইফুল আলম, প্রভাষক আসলাম উদ্দিন, আব্দুল আওয়াল, শিক্ষানুরাগী আফজাল কবির খান আতা, রিনা আক্তার, ডা. নুসরাত জাহান প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক মোস্তাফিজুর রহমান শামিম।

প্রতিবন্ধী ও দরিদ্র শিক্ষার্থীদের মাঝে প্রতি বছরের ন্যায় এবারও শিক্ষা উপকরণসহ পোশাক, গোল্ডেন জিপিএ-৫ ও ট্যালেন্টপুলে বৃত্তি প্রাপ্তদের বই, ক্রেস্ট এবং শিক্ষানুরাগী আলহাজ তারিকুজ্জামান তারিকের আর্থিক সহযোগিতায় সবার হাতে একটি করে নতুন স্কুল ব্যাগ দেয়া হয়েছে। মেধাবী ভেড়ামারা ১১ নভেম্বর ২০১১ তারিখে প্রভাষক আব্দুস সামাদের একান্ত প্রচেষ্টায় যাত্রা শুরু করে। প্রভাষক আব্দুস সামাদ জানান, সদস্যদের মাসিক বিশ টাকা অনুদানে চলছে মেধাবী ভেড়ামারা। বর্তমানে সদস্য সংখ্যা প্রায় দুই শতাধিক। দরিদ্রতা যেন কোনো শিক্ষার্থীকে লেখাপড়া থেকে বঞ্চিত করতে না পারে সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে মেধাবী ভেড়ামারা।